ইত্তেফাক

তারিখ ... 16.12.79 ...
পৃষ্ঠা ... 8 কলাম ... 5 ...

84

# ইমামদের জন্য আধুনিক প্রশিক্ষণ কর্মসূচী

(ইত্তেফাক রিপোর্ট)

ইসলামিক ফাউণ্ডেশন দেশের মসজিদসমূহের ইমামগণকে আধুনিক প্রশিক্ষণ প্রদানের এক ব্যাপক কর্মসূচী প্রণয়ন করিয়াছে। প্রাথমিকভাবে পাইলট প্রজেক্টের অধীনে বর্তমানে ১০৫ জন ইমামের প্রশিক্ষণ ইতিমধ্যে শুরু করা হইয়াছে। ভাইস প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার আগামীকাল (সোমবার) ফাউণ্ডেশন মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এই প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করিবেন।

কোরান, হাদিস, খুৎবা, ফতোয়া তথা ইসলামের মূলনীতি ছাড়াও প্রাথমিক চিকিৎসা, স্বাস্থ্য, কৃষি, হাঁস-মুরগি, পশুপালন প্রভৃতি সম্পর্কে সম্যক প্রশিক্ষণের ব্যবস্থা করা হইয়াছে।

প্রকাশ, দেশের প্রায় ২ লক্ষ মসজিদে শতকরা ৩০ ভাগ নির্বাচিত ইমাম বা মোয়াজ্জিন রহিয়াছেন। বাকীগুলিতে স্থানীয় মুন্সী বা মাদ্রাসার ছাত্র ইমামতি করেন। আগামী ৫ বৎসরে পর্যায়ক্রমে ৪০ হাজার ইমামকে প্রশিক্ষণ দেওয়া হইবে।

ফাউণ্ডেশনের মহাপরিচালক জনাব এ, কে, এম, শামসুল আলম জানান: 'কোনরূপ রাজনৈতিক উদ্দেশ্য নহে, সমাজ কল্যাণই এই প্রশিক্ষণের একমাত্র উদ্দেশ্য।'